

West Bengal State University

B.A./B.Sc./B.Com ( Honours, Major, General ) Examinations, 2015

PART - II

বাংলা — সাধারণ

দ্বিতীয় পত্র

Duration : 3 Hours ]

[ Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। অভিসারের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে তোমার পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো। ৫ + ১০

অথবা

“কি মোহিনী জান বধু কি মোহিনী জান।

অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন।।”

— এই অংশটি বৈষ্ণব পদাবলীর কোন্ রস পর্যায়ের অন্তর্ভুক্ত ? সেই রস পর্যায়ের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিরূপণ করো এবং এই পর্যায়ের একজন শ্রেষ্ঠ কবির শ্রেষ্ঠত্বের কারণ বিশ্লেষণ করো। ১ + ৪ + ১০

- ২। ‘মেঘনাদ বধ’ কাব্যে প্রথম সর্গে রাবণের রাজসভার যে বর্ণনা দেওয়া হয়েছে তা নিজের ভাষায় বিবৃত করো। ১৫

অথবা

‘মেঘনাদ বধ’ কাব্যের প্রথম সর্গের নাম কি ? এই সর্গের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে নামকরণ সার্থক হয়েছে কিনা আলোচনা করো। ১ + ৬ + ৮

- ৩। ‘বাঁশি’ কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর হরিপদ কেরানীর জীবনের পরিচয়ে যে সাধারণ মানুষের জীবনের প্রত্যাশা ও প্রাপ্তিকে তুলে ধরেছেন তার বর্ণনা দাও। ১৫

অথবা

‘প্রথম পূজা’ কবিতাটির মধ্য দিয়ে কবি অস্পৃশ্যতা ও অমানবিকতার বিরুদ্ধে প্রচ্ছন্ন প্রতিবাদ জানিয়েছেন আলোচ্য কবিতায় তা কিভাবে অভিব্যক্ত হয়েছে নিজের ভাষায় আলোচনা করো। ১৫

৪। “কত রাজা আসে যায় ইতিহাসে, ঈর্ষা আর দ্বেষ

আকাশ বিষাক্ত করে

জল কালো করে ...”

— উদ্ধৃতিটি কোন্ কবিতার অংশ ? কবির নাম কি ? এই উদ্ধৃতিটির আলোকে কবি ভারতবর্ষের যে রূপের কথা বলেছেন তা আলোচনা করো।

১ + ১ + ১৩

অথবা

“গুরুমশাই

অন্ধকারের মধ্যে তুমি দেশ দেখাচ্ছ।”

— কোন্ কবিতার পঙ্ক্তি ? কবির নাম উল্লেখ করো। অন্ধকারে দেশ দেখানো বলতে কি বোঝানো হয়েছে ?

১ + ১ + ১৩

৫। নীচে উদ্ধৃত অংশগুলির রচয়িতার নাম ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো : ৪ × ৫ = ২০

ক) “কন্টক গাড়ী কমল সম পদতল  
মঞ্জীর চীরহি ঝাঁপি।”

অথবা

“অভিনব হেম কল্পতরু সঞ্চরু  
সুরধুনী তীরে উজোর।

চঞ্চল চরণ কমল তলে ঝঙ্করু

ভকত-ভ্রমরগণ ভোর।।”

খ) “একটি রতন মোরে দিয়াছিল বিধি  
কৃপাময়, দীন আমি থুয়েছিলু তারে  
রক্ষা হেতু তব কাছে, রক্ষঃকুল মগি,  
তরুর কোটরে রাখে শাবকে যেমতি  
পাখী...।”

অথবা

“ফুল দল দিয়া  
কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে ?”

- গ) “ওর লোভ নেই —  
ও কিছু রাখতে চায় না, শুধু দেখতে চায়,  
কি আছে ভিতরে।”

অথবা

“হায় রে সামান্য মেয়ে  
হায় রে বিধাতার শক্তির অপব্যয়।”

- ঘ) “বাংলার ঘরে ঘরে গুপ্তচর এ জিজ্ঞাসা;  
এত সবুজ বাসা ! ভিটে ভাঙার পালা কি এল এবার ?”

অথবা

“বুকের মধ্যে সুগন্ধি রুমাল রেখে বরুণা বলেছিল  
যেদিন আমায় সত্যিকারের ভালোবাসবে  
সেদিন আমার বুকেও এ-রকম আতরের গন্ধ হবে।”

- ৬। উদাহরণসহ দলবৃত্ত ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো।

১২

অথবা

উদাহরণসহ যে কোনো তিনটি বিষয়ে আলোচনা করো :  
পদ, উপপর্ব, লঘু যতি, পূর্ণ যতি, মুক্ত দল।

৩ × ৪ = ১২

- ৭। যে কোনো দুটি বিষয়ে ছন্দোলিপি রচনা করো :

২ × ৪ = ৮

ক) আমি ক্লান্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন  
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

খ) মেঘ মুলুকে ঝাপসা রাতে  
রামধনুকের আবছায়াতে,  
তাল বেতালে খেয়াল সুরে  
তান ধরেছি কন্ঠ পুরে।

- গ) রূপ লাগি আঁখি বুয়ে গুণে মন ভোর।  
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।
- ঘ) বাংলার ঘরে ঘরে গুপ্তচর এ জিজ্ঞাসা  
এত সবুজ বাসা ! ভিটে ভাঙার পালা কি এল এবার ?
- ঙ) তোমাকে চাই আমি তোমাকে চাই  
তোমাকে ছাড়া নেই শান্তি নেই  
রক্ত কিংগুকে জ্বালিয়ে দাও  
আমার বৈশাখী রাত্রি দিন —
-